

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম ও আইন শাখা
www.mole.gov.bd

নং-৪০.০৫.২২.০০.০০.৪১.২০১৪/ ২২৭

তারিখঃ ২০ মাঘ, ১৪২২ বঃ
০২ ফেব্রুয়ারি, ২০১৬ খ্রিঃ


বিষয় : বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর আলোকে শ্রমিকদের অব্যয়িত অর্জিত ছুটির হিসাব স্পস্টীকরণ।

সূত্রঃ কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের গত ১৪-০১-২০১৬ তারিখের স্মারক নং-সাঃ/শ্রম আঃ/শ্রম বিধিঃ/৯৬/২০১৫/মহাঃ/১৪/১(১)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের মাধ্যমে শ্রমিকদের অব্যয়িত অর্জিত ছুটির মজুরী পরিশোধের হিসাব বিষয়ে মতামত প্রদানের জন্য অনুরোধ করা হয়। আলোচ্য বিষয়ে শ্রম আইন ও শ্রম বিধিমালার সংশ্লিষ্ট বিধানাবলী পর্যালোচনা করা হয়েছে। এছাড়াও পরিদর্শন অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথেও বর্ণিত বিষয়ে মতবিনিময় করা হয়। বিভিন্ন প্রতিষ্ঠানে শ্রমিকদের অব্যয়িত/বার্ষিক অর্জিত ছুটির নগদায়নের ক্ষেত্রে পূর্ববর্তী মাসের মোট মজুরীকে (অধিকাল ভাতা ও মজুরী ব্যতীত) ৩০(ত্রিশ) দ্বারা ভাগ করে অব্যয়িত ছুটির দিনগুলোকে দিয়ে গুণ করে মজুরী প্রদান করার নিয়ম চলমান রয়েছে। বিষয়টি পুনরায় স্পস্টীকরণের জন্য মতামত চাওয়া হয়।

২। শ্রম আইনের ধারা ১১ ও ১১৯ এবং শ্রম বিধিমালার বিধি ১১৪ ও ১১৫, মজুরী সংক্রান্ত অন্যান্য বিধানাবলীসহ সার্বিক বিষয়াদি পর্যালোচনায় অনুমিত হয় যে, পূর্ববর্তী মাসের প্রাপ্ত মজুরী (অধিকাল ভাতা ও বোনাস ব্যতীত) কে ৩০ (ত্রিশ) দিয়ে ভাগ করে একদিনের মজুরী নির্ধারণ করতঃ তার ভিত্তিতে অব্যয়িত ছুটির মজুরী নির্ধারণ করা যথার্থ মর্মে প্রতীয়মান হয়।

৩। এমতাবস্থায়, পূর্ববর্তী মাসের প্রাপ্ত মোট মজুরীকে (অধিকাল ভাতা ও বোনাস ব্যতীত) ৩০ (ত্রিশ) দিয়ে ভাগ করে অব্যয়িত ছুটির দিনের সংখ্যা দ্বারা গুণ করে অব্যয়িত ছুটির নগদায়নের হিসাব করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(শাহীন আখতার)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৫৫৯৬।

মহাপরিদর্শক

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

বি, এফ ডি, সি কমার্শিয়াল কমপ্লেক্স (ওয়াসা ভবনের দক্ষিণ পাশে)

২৩-২৪ কারওয়ান বাজার (৩য় ও ৪র্থ তলা),

তেজগাঁও, ঢাকা।